

মাধাইনগর আদিবাসী কলেজ ২১ বছরেও এমপিওভুক্ত হয়নি

সার্বিক আহমেদ, তাড়াশ (সিরাজগঞ্জ)
১১ আগস্ট ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



সিরাজগঞ্জের তাড়াশ উপজেলার মাধাইনগর আদিবাসী আদর্শ মহাবিদ্যালয়টি দীর্ঘ ২১ বছরেও এমপিওভুক্ত হয়নি। ফলে এলাকার দরিদ্র আদিবাসী ছাত্রছাত্রীরা উচ্চশিক্ষার সুযোগ থেকে পিছিয়ে পড়েছে। আবার কলেজের ২৫ শিক্ষক-কর্মচারী বেতনভাতা না পেয়ে মানবেতর জীবনযাপন করছেন।

কলেজের অধ্যক্ষ আব্দুল মান্নান বলেন, প্রতিষ্ঠানটি এমপিওভুক্তির সব শর্তপূরণ করার পরও এমপিওভুক্ত না হওয়ায় শিক্ষক-কর্মচারী ও এলাকার অবিভাবকরা হতাশ হয়ে পড়েছেন।

সূত্রমতে, মাধাইনগর আদিবাসী আদর্শ মহাবিদ্যালয়টি ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন থেকেই বিপুলসংখ্যক শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ধারাবাহিকভাবে ভালো ফল অর্জন করে আসছে। ২০২৪ সালেও প্রতিষ্ঠানটি শতভাগ পাশের গৌরব অর্জন করেছে।

এলাকার প্রবাণ শিক্ষক নজরুল ইসলাম বলেন, আদিবাসী অধ্যুষিত এ প্রতিষ্ঠানটি পিছিয়ে পড়া আদিবাসী জনগোষ্ঠীর উচ্চশিক্ষাগ্রহণের একমাত্র প্রতিষ্ঠান। যদি কোনো কারণে প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যায়, তাহলে এই এলাকার আদিবাসী ছেলেমেয়েরা উচ্চশিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে। তাই তিনিসহ এলাকার ৩০ হাজারের অধিক মানুষ কলেজটি এমপিওভুক্তির দাবি জানান।